

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.moef.gov.bd

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক সভার
কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মো: মনিরুজ্জামান
অতিরিক্ত সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

সভার তারিখ: ২৬/০৯/২০২১; সময়ঃ সকাল ১০-০০ টা
সভার স্থান: হোটেল কক্স হিলটল, কক্সবাজার

সভায় উপস্থিত ব্যক্তিগণের তালিকা: পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নে অংশীজনের সঙ্গে সরাসরি মত বিনিময়ের লক্ষ্যে অংশীজনের সভা আয়োজনের জন্য আয়োজক কর্তৃপক্ষকে সভাপতি বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় বিভাগীয় বন কর্মকর্তা, কক্সবাজার উত্তর বন বিভাগ ও বিভাগীয় বন কর্মকর্তা, কক্সবাজার দক্ষিণ বন বিভাগ এবং পরিবেশ অধিদপ্তরের উপপরিচালকও উপস্থিত ছিলেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী সভায় বক্তব্য রাখেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপসচিব জনাব নাজনীন হোসেন এবং এ এস এম ফেরদৌস। অতপর সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতির পটভূমি, সরকারি কর্মকর্তাদের দায়িত্ব কর্তব্য এবং সুষ্ঠু সেবা প্রদানের জন্য সেবা গ্রহণকারীদের কাছে প্রত্যাশাসহ সেবা গ্রহণের বিভিন্ন দিক সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। কক্সবাজারের বিভিন্ন প্রতিষ্ঠান/স্থান থেকে আগত অংশীজনদেরকে স্বাগত জানিয়ে সিটিজেন চার্টারের আওতায় মন্ত্রণালয় এবং এর অধীন বিভাগ থেকে প্রদেয় সেবা প্রদানের বিষয়ে তাদের মতামত জানতে চান। সভায় উপস্থিত বিভিন্ন ব্যবসায়িক ও সামাজিক সংগঠনের প্রতিনিধি বক্তব্য রাখেন। তারা সেবা গ্রহণের বিভিন্ন বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন এবং সমস্যাসমূহ তুলে ধরেন। বন অধিদপ্তর ও পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাগণ তাদের সমস্যাগুলোর সমাধানের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ ও পরামর্শ দেন। তাদের আলোচনা ও প্রস্তাবনাসমূহ নিম্নে সংক্ষেপে দেয়া হলো:

- (ক) বিভাগীয় বন কর্মকর্তার/কাজের সুবিধার্থে তার অফিস কাঠামো পরিবর্তন এবং লোকবল বাড়ানো প্রয়োজন;
- (খ) বন বিভাগের জায়গা দখলমুক্ত করে সামাজিক বনায়ন করা;
- (গ) করাতকল লাইসেন্স প্রদানে শর্ত শিথিল করা;
- (ঘ) সুবিধাভোগীদের নিয়ন্ত্রণে ছিল না এমন বনভূমি দখলমুক্ত করে বর্তমানে সামাজিক বনায়নের জন্য ব্যবহৃত হচ্ছে এ ধারা অব্যাহত রাখা;
- (ঙ) বিভিন্ন সংগঠন গাছ রোপন করেছে এ বিষয়ে বন বিভাগ সহযোগিতা করে এ ধারা অব্যাহত রাখা;
- (চ) পরিবেশ ও বন রক্ষার্থে নতুন নতুন প্রকল্প দেওয়ার আহ্বান;
- (ছ) বন বিভাগের সহযোগিতামূলক কার্যক্রমের জন্য সাধারণের সঙ্গে বন বিভাগের দূরত্ব কমেছে এ ধারা অব্যাহত রাখা;
- (জ) বন্যার সময় বা দুর্যোগ কালীন সময়ের জন্য বন্যপ্রাণীদের থাকার ব্যবস্থা করা এবং প্রকল্প নিয়ে বন্যপ্রাণীর খাদ্য সরবরাহ করে এমন গাছ লাগানোর ব্যবস্থা করণ;
- (ঝ) লাইসেন্সবিহীন ফার্গিচার তৈরীর প্রতিষ্ঠান বন্ধ করণ;

